শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ


## কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি
বারখাদা, কুষ্টিয়া।

টেলিফোনঃ অফিস - ০৭১-৬২৩৩২
বাসা - ০৭১-৬২০৮৬
ফ্যাক্স নং - ০৭১-৭১৬৬৭
ই-মেইল নং-kuspbs@gmail.com


স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫৩৬.১.১৪(৩).১.২০.৭৫১

তারিখঃ- ১৬ মাঘা/১৪২৬বঙ্গ
৩০ জানুয়ারি/২০২০খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তি ভিত্তিক)গণের নিকট হতে নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২(বায়ান্ন) বছর (১৬/০২/২০২০খ্রীঃ তারিখে)। অত্র পবিসে সর্বোচ্চ ৯(নয়)বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন)বছর/০৬(ছয়) বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ,বিশ্বস্ত,মার্জিত ব্যক্তিত্ব,সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ,বিয়োগ, গুণ,ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২(এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে।তবে সর্বোচ্চ ০৯(নয়)বছর বা ৫৫ বছর বয়স পযন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট(pbs.kushtia.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৬/০২/২০২০খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার,কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম(প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

০৩। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০(দশ হাজার)টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূরবক বর্ণনা,জন্ম তারিখ,বর্তমান বয়স ইত্যাদি স্পষ্ট ভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন)উল্লেখ করতে হবে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/ স্ত্রী গণের রক্ত সম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না ।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(চ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন । দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেই তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিক ভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ঝ) যে সকল প্রার্থীর স্থায়ী ঠিকানা কুষ্টিয়া জেলায় সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) নিয়োগের ক্ষেত্রে বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৩০/১/২০২০

(মোঃ হারুন-অর-রশিদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক,বাপবিবোর্ড,ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(সঃঅঃ)পরিদপ্তর,বাপবিবোর্ড,ঢাকা ।
০৩। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর,বাপবিবোর্ড,ঢাকা ।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..............................১/২/৩/৪।
০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/কারিগরী,কুষ পবিস ।
০৭। এজিএম(ওএন্ডএম),স্বস্তিপুর সাব জোনাল অফিস,কুষ পবিস ।
০৮। এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/এইচ-আর/প্রশাসন/অর্থ-রাজস্ব),কুষ পবিস ।
০৯। নোটিশ বোর্ড,কুষ পবিস ।
১০। অফিস কপি/মাষ্টার কপি ।

৩০/১/২০২০

(মোঃ হারুন-অর-রশিদ)
জেনারেল ম্যানেজার

D:\HR\Biggopti\Biggopti-MRCM.docx